



Dr. Devon Q. Horton, সুপারিনটেনডেন্ট

BENGALI

Mr. Dijon DaCosta, Sr., বোর্ড সভাপতি

Mrs. Deirdre P. Pierce, সহ-সভাপতি

Mrs. Anna Hill

Ms. Whitney McGinniss

Ms. Allyson Gevertz

Mrs. Vickie B. Turner

Dr. Joyce Morley

অবিলম্বে প্রকাশের জন্য

10 অক্টোবর, 2023

যোগাযোগ:

Donald Porter, Ed.D.

Carla Parker

678-481-4110

404-734-1717

DeKalb County Schools-এ চার বছরের গ্রাজুয়েশন হার সামান্য হ্রাস পেয়েছে

প্রতিবন্ধিত্ব সাবগ্রুপের শিক্ষার্থীদের হার পঞ্চম বছরের জন্য বৃদ্ধি পেয়েছে

(STONE MOUNTAIN, GA) – আজ প্রকাশিত জর্জিয়া ডিপার্টমেন্ট অফ এডুকেশনের তথ্যের ভিত্তিতে 2023 সালের ক্লাসের জন্য DeKalb কাউন্টি স্কুল ডিস্ট্রিক্টের (DCSD) চার বছরের গ্রাজুয়েশনের হার হলো 75.77%। আগের বছরের তুলনায় সামগ্রিক গ্রাজুয়েশনের হার 0.42% কমেছে। সে তুলনায় Georgia অঙ্গরাজ্যে গ্রাজুয়েশন হার সামান্য বৃদ্ধি পেয়েছে, যা 84.06% থেকে 84.36%, অর্থাৎ বৃদ্ধি 0.3%।

"2023 সালের গ্রাজুয়েশন শিক্ষার্থীদের দল মহামারী শুরুর সময় নবম গ্রেডের শিক্ষার্থী ছিল। স্কুল বন্ধ, বাধ্যতামূলক ভার্চুয়াল শিক্ষা, এবং স্কুলের নতুন পরিবেশের সাথে মানিয়ে নেওয়ার বিশৃঙ্খলা সত্ত্বেও আমাদের চার-বছরের গ্রাজুয়েশন হারে সামান্য হ্রাস দেখে আমি উৎসাহিত হয়েছি," বলেন সুপারিনটেনডেন্ট Dr. Devon Q. Horton। "বেশ কিছু কঠিন বছর অতিক্রমকালে একতাবদ্ধ থেকে আমাদের শিক্ষার্থীদের এবং তাদের কমিউনিটিসমূহকে সহায়তা প্রদান করার জন্য আমি আমাদের শিক্ষক, নেতৃবৃন্দ এবং স্কুল কর্মীদের ধন্যবাদ জানাই।"

2023 স্কুল বছরে প্রতিবন্ধিত্ব সম্পন্ন সাবগ্রুপের শিক্ষার্থীদের হার টানা পঞ্চম বছরের মতো বৃদ্ধি পায়। গত ছয় (6) বছরে হার 18.38% বৃদ্ধি পেয়েছে।

2018	2019	2020	2021	2022	2023
44.25%	46.48%	54.56%	57.80%	60.30%	62.63%

সবচেয়ে উল্লেখযোগ্য লাভ হয়েছে যে স্কুলের সেটি হলো, Tapestry Public Charter School, যেখানে বিদ্বির হার দুই-অঙ্কের, 12%-এর বেশি, যার ফলে চার বছরের গ্রাজুয়েশন হার 93.75% হয়েছে।

চারটি (4) হাই স্কুলে পূর্ববর্তী স্কুল বছরের তুলনায় 4% এর বেশি উন্নতি ঘটেছে:

- DeKalb Alternative High School (+5.41%)- টানা দ্বিতীয় বছর
- Tucker High School (+4.81%)
- Martin Luther King, Jr. High School (+4.66%)
- Elizabeth Andrews High School (+4.38%)

Martin Luther King, Jr. High School এবং Tucker High School 2023 সালে গত ছয় (6) বছরে তাদের সর্বোচ্চ চার বছরের স্নাতক হার যথাক্রমে 80.06% এবং 84.81% অর্জন করেছে।

-আরও-

নিম্নলিখিত সাত (7) টি হাই স্কুলে অতিরিক্ত গ্রাজুয়েশন বৃদ্ধির হার পরিলক্ষিত হয়েছে:

- Southwest DeKalb High School (+2.89%)
- Stone Mountain High School (+2.46%)
- Towers High School (+1.89%)
- Stephenson High School (+1.47%)
- DeKalb School of the Arts (+1.30%)
- Cross Keys High School (+1.29%)
- Redan High School (+1.25%)

দুটি (2) DCSD হাই স্কুল 100% এর চূড়ান্ত গ্রাজুয়েশন হার অর্জন করেছে, DeKalb Early College Academy (পরপর দ্বিতীয় বছর) এবং DeKalb School of the Arts। এছাড়াও, এই দুটি স্কুল এবং Arabia Mountain High School টানা ষষ্ঠ বছরে 95 শতাংশের উপরে গ্রাজুয়েশন হার অর্জন করেছে।

"যে পঁচিশ (25) টি স্কুল 4-বছরের গ্রাজুয়েশন হার পেয়েছে, তার মধ্যে তেরো (13) টি স্কুল আগের বছরের (52%) তুলনায় তাদের হার বজায় রেখেছে বা বাড়িয়েছে। সেই স্কুলগুলোর বৃদ্ধির বিষয়টি উদযাপন করতে পারলেও আমরা স্বীকার করছি যে, আমাদের বেশিরভাগ স্কুলের গ্রাজুয়েশন হার 90% এর নিচে," Dr. Horton বলেন।

"আমাদের ডিসট্রিক্ট এবং স্কুল-স্তরের গ্রাজুয়েশন হার বাড়ানোর লক্ষ্যে বর্তমান প্রক্রিয়া পরিবর্তন করার জন্য আমাদের পরবর্তী পদক্ষেপসমূহ নির্ধারণ করতে আমাদের বিষয় ভিত্তিক দলের প্রত্যাহার কোড, গ্রাজুয়েশন গ্রুপের পরিচালনা পদ্ধতি, নিয়মিত নির্দেশনামূলক কৌশল এবং সম্পূর্ণ শিক্ষার্থী সহায়তার একটি গভীর বিশ্লেষণ সম্পন্ন করতে হবে।"

XXX